# পরিভাষা

## ১ম পাঠ

| | |
|---|---|
| বৈশিষ্ট্য | ... কোন ব্যক্তি বা বস্তুর গুণাবলী, বা বিশেষত্ব, যে সকল গুণাবলীর দ্বারা কোন ব্যক্তি বা বস্তুকে চেনা যায়। |
| জৈবতন্ত্র | ... জীবের বেঁচে থাকবার জন্য অপরিহার্য বিভিন্ন প্রক্রিয়াগুলির কোন একটি যেমন রক্ত সঞ্চালন তন্ত্র, হজমী প্রক্রিয়া, ইত্যাদি। |
| সত্তা | ... অস্তিত্ব, যে ব্যক্তি বা বস্তু বর্তমান। |
| নৈর্ব্যক্তিক | ... যার ব্যক্তিত্ব নেই বা অপ্রকাশিত ; ব্যক্তির অপরিহার্য গুণাবলীর অভাব ; ব্যক্তিত্বহীন। |
| সত্ব | ... মূল উপাদান ; সার বস্তু। |
| অশরীরী | ... শরীর বা দেহ নাই। |
| অদ্বিতীয় | ... যার মত দ্বিতীয় অপর কোন ব্যক্তি বা বস্তু নাই। |
| অবিভাজ্যতা | ... বিভিন্ন অংশে বা উপাদানে ভাগ করা যায় না এমন। |
| যৌগিক | ... একাধিক উপাদানে গঠিত। |
| স্বয়ম্ভূর | ... নিজে থেকে অস্তিত্ববান ; অস্তিত্বের জন্য অন্য কোন ব্যক্তি বা বস্তুর উপরে নির্ভরশীল নন। |
| অনাদি | ... যার কোন আরম্ভ বা উৎপত্তি নাই, যিনি নিজে থেকে অস্তিত্বে এসেছেন, ঈশ্বর। |
| অমরত্ব | ... মৃত্যু বা ধ্বংস নাই এমন। |
| অভিন্ন | ... একই ; ভিন্ন নয়। |
| রহস্য | ... গোপন বিষয় ; নিগূঢ়তত্ব। |
| ধর্মতত্ববিদ্ | ... ধর্মের গোপন বিষয়গুলি সম্পর্কে পণ্ডিত ব্যক্তি। |

## ২য় পাঠ

জেরা ··· কৈফিয়তের জন্য প্রশ্ন করা।

প্রায়শ্চিত্ত ··· খ্রীষ্টের দুঃখভোগ ও মৃত্যুর মাধ্যমে পাপীদের সাথে ঈশ্বরের পুনর্মিলন।

অভিভূত ··· সম্পূর্ণরূপে পরাজিত বা আচ্ছন্ন হওয়া; হতবুদ্ধি হওয়া।

অগাধ ··· অত্যন্ত গভীর এবং ব্যাপক, অতল, সীমাহীন।

উপেক্ষা ··· অবহেলা।

দূরদর্শিতা ··· ঈশ্বরের বিচক্ষণ পরিচালনা ও সদয় তত্ত্বাবধান।

অধিক্রমণ-করা ··· একটি জিনিষের অংশ বিশেষ অপর একটি জিনিষের অংশ বিশেষের দ্বারা আচ্ছাদিত হওয়া।

ঐকমত্য ··· মতের মিল বা একতা।

সান্নিধ্য ··· নৈকট্য, সাহচর্য।

## ৩য় পাঠ

অবতার ··· ( খ্রীষ্টের ) দেহ ধারণ।

স্বতন্ত্র ··· আলাদা, পৃথক।

অসাধারণ ··· সাধারণতঃ দেখা যায় না, বিস্ময়কর, বিশিষ্ট।

মানবত্ব ··· মানব অবস্থা, মানুষের মত রক্ত-মাংসে গঠিত।

বংশ সূত্র ··· এক সাধারণ পূর্ব পুরুষ থেকে সরাসরি পথে বা সোজা রেখায় জাত; এক সাধারণ পূর্ব পুরুষের বংশধরগণ।

মধ্যস্থ ··· দুই পক্ষের মধ্যে কথাবার্তা চালিয়ে যে ব্যক্তি তাদের পুনর্মিলিত করে বা শান্তি প্রতিষ্ঠা করে।

নশ্বর ··· যা অস্থায়ী, ধ্বংসশীল, বা মরণশীল।

**পুনর্মিলন** ··· আলাদা থাকার পরে আবার মিলন।

**অলৌকিক** ··· জগতে ( পৃথিবীতে ) যা সম্ভব নয়, মানব শক্তিতে যা সম্ভব নয়, অতিজাগতিক বা অতি মানবীয়।

**ঈশ্বরত্ব** ··· ঈশ্বরের স্বভাব বা সত্ব ; ঈশ্বর।

**অবতারত্ব** ··· মানব দেহ ধারণের অবস্থা ( খ্রীষ্টের )।

## ৪র্থ পাঠ

**নিমজ্জিত করা** ··· ডুবানো।

**সংবেদন-শীলতা** ··· সহজে ( বা দ্রুত ) অনুভব করে ও সাড়া দেয় এমন।

**নূতন জন্ম** ··· পুরানো পাপ স্বভাবের মৃত্যু ঘটিয়ে নূতন ঐশ্বরিক স্বভাব ( বা ঐশ্বরিক জীবন ) লাভ করা, খ্রীষ্টের উপরে বিশ্বাস করে জল ও পবিত্র আত্মার বাপ্তিস্ম লাভের ফলে যা ঘটে থাকে।

**সুপ্ত সম্ভাবনা** ··· যে সম্ভাবনা এখনও বিকশিত হয়নি, কিন্তু লালন পালনের ফলে যেগুলির বিকাশ ( বা প্রকাশ ) ঘটানো যায়।

**অকৃত্রিম** ··· অকপট, সত্যিকার, খাঁটি।

**কর্তৃত্ব ব্যঞ্জক** ··· কর্তৃত্ব ( ক্ষমতা বা প্রভুত্ব ) প্রকাশক।

**বিচক্ষণ** ··· সুবিচার পূর্ণ বা সুবিবেচনা পূর্ণ, বিজ্ঞ, অভিজ্ঞ বুদ্ধিমত্তা পূর্ণ।

**প্রতিপন্ন করা** ··· প্রমাণ করা, দৃঢ়ীকৃত করা।

## ৫ম পাঠ

**শত্রু** ··· যে অন্য কারও ক্ষতি করবার চেষ্টা বা ইচ্ছা করে, যে অন্য কারও প্রতি বিদ্বেষ বা ঘৃণা পোষণ করা।

**বিপক্ষতা** ··· বিরোধিতা, শত্রুতা।

অটল — স্থির, দৃঢ়।
পরিণতি ··· শেষ ফল।
হস্তক্ষেপ ··· বাধা দেওয়া, মধ্যস্থতা।
আকস্মিক ··· হঠাৎ ; যা আশা করা হয়নি এমন।
বিদ্রোহ ··· অবাধ্যতা, বিরোধিতা করা।
অতিমানবিক··· যা মানুষের শক্তিতে সম্ভব নয়।
অভিনয় ··· নাটকের কোন চরিত্র বা ভূমিকা অনুকরণ (নকল) করে দেখানো, ভান করা।
অভিপ্রায় ··· উদ্দেশ্য।
ব্যতিক্রমী ··· ( আইন, শর্ত, নিয়ম ইত্যাদি ) লংঘন করে বা বিরোধিতা করে এমন।

## ৬ষ্ঠ পাঠ

অমরত্ব ··· মৃত্যু বা ধ্বংশ নাই এমন অবস্থা।
অবিনশ্বর ··· যার ধ্বংস বা বিনাশ নাই।
বিবেক ··· ভাল-মন্দ, ন্যায়-অন্যায় ও বাস্তবতা সম্পর্কে নিজের অন্তরস্থ জ্ঞান বা বিচার-বিবেচনা।
সহজাত-প্রবণতা ··· স্বাভাবিক ঝোঁক ; স্বাভাবিক ভাবে কোন কিছু করবার ইচ্ছা বা আগ্রহ।
অভ্রান্ত ··· নির্ভুল ; সত্য।
সাদৃশ্য ··· মিল।
উপদেষ্টা ·· যিনি উপদেশ ও পরামর্শ দেন।

## ৭ম পাঠ

দূষণ ··· অশুচি হওয়া ; নোংরা হওয়া, বা অপবিত্র হওয়া ; অপরিষ্কার বা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর হওয়া।

**অবাধ্যতা** ··· নিয়ম বা আদেশ মানা।

**ইচ্ছাকৃত** ··· নিজের ইচ্ছায় করা।

**শত্রুতাপূর্ণ** ··· ঝগড়াঝাটি বা হিংসা-বিদ্বেষ ও ঘৃণা পূর্ণ ; যেখানে পরস্পর পরসস্পরের অমঙ্গলের বা ক্ষতির চেষ্টা করে।

**অপসারণ** ··· ভিন্ন জায়গায় নিয়ে যাওয়া ; পদচ্যুত করা (বরখাস্ত করা) ; স্থানান্তর করা।

**ঝোঁক** ··· কোন কিছুর প্রতি বিশেষ আগ্রহ বা ইচ্ছা।

**প্রত্যাদিষ্ট** ··· ঈশ্বরের দ্বারা প্রদত্ত বা অনুপ্রাণিত।

**প্রামাণ্য** ··· নির্ভর যোগ্য, বিশ্বাস যোগ্য।

**ক্যানন** ··· বাইবেলের যে বইগুলি খ্রীষ্ট মণ্ডলীর দ্বারা আসল এবং ঈশ্বর প্রত্যাদিষ্ট বলে গৃহিত সেগুলির প্রামাণ্য তালিকা।

**বিকৃত** ··· যার বিশুদ্ধতা বা নির্ভর যোগ্যতা নষ্ট হয়েছে ; দূষিত।

**মতবাদ** ··· তাত্ত্বিক শিক্ষা ; যা সত্য বলে শিক্ষা দেওয়া হয় ; বাইবেলে বর্ণিত কোন সত্য।

**অনুপ্রেরণা** ··· চালনা ; ঐশ্বরিক বা পবিত্র আত্মার চালনা ; ঐশ্বরিক প্রভাব।

**সংরক্ষিত** ··· রক্ষা প্রাপ্ত বা কৃত ; ধ্বংসের হাত থেকে বা ক্ষয় ক্ষতির হাত থেকে নিরাপদে রাখা হয়েছে এমন।

**বৈধ করা** ··· ন্যায় সংগত করা, বা যুক্তি সংগত করা ; আইন সংগত করা।

## ৯ম পাঠ

**প্রতিবন্ধক** ··· বাধা।

**আহ্বান** ··· ডাক ; নিমন্ত্রণ।

| | |
|---|---|
| সমাজ | ··· সাধারণ স্বার্থ বা লক্ষ্য ( উদ্দেশ্য ) দ্বারা চালিত জনগোষ্ঠী। |
| সক্রিয় | ··· প্রাণবন্ত ; কাজ করতে সক্ষম, বা কাজ করে এমন। |
| ধর্মানুষ্ঠান | ··· ধর্মীয় অনুশাসনে বিধিবদ্ধ অনুষ্ঠান। |
| সম্পর্ক | ··· যোগাযোগ আছে এমন ; আত্মীয়তা। |
| সামাজিক | ··· অন্যদের সাথে পরস্পর নির্ভরশীল ও সহযোগিতা পূর্ণ সম্পর্ক গঠনের ঝোঁক। |
| বিশ্বজনীন | ··· সকল স্থানের সকল মানুষের জন্য। |

## ১০ম পাঠ

| | |
|---|---|
| জঘন্য | ··· অত্যন্ত ঘৃণা ও বিতৃষ্ণার উদ্রেক করে এমন। |
| ঈশ্বর নিন্দা | ··· ঈশ্বরের বিষয়ে অপমান জনক কথা বলা। |
| ঈশ্বরত্ব-আরোপ | ··· কোন ব্যক্তি বা বস্তুকে ঈশ্বরের মত পূজা করা। |
| নবীনীকৃত | ··· নতুন করা হয়েছে এমন ; পুনরায় জীবন দেওয়া হয়েছে, বা অপেক্ষাকৃত ভাল অবস্থায় আনা হয়েছে এমন। |
| বিশ্রাম-বৎসর | ··· প্রতি সপ্তম বছরে জমির জন্য বিশ্রামের বছর। প্রাচীন যিহূদীয়াতে এই নিয়ম পালিত হত। |
| সময় কাঠাম | ··· এমন একটি সময় কাল যার আরম্ভ এবং সমাপ্তি ( শেষ ) কোন বিশেষ ঘটনা বা ঘটনাবলীর দ্বারা চিহ্নিত। |